জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট
www.zplalmonirhat.gov.bd

নম্বর : ৪৬.৪২.৫২০০.০০১.৪২.০০১.২৬-১০৮

তারিখ : ০২ ফাল্গুন, ১৪৩২ ব.
১৫ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.

# অনলাইন নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত গাছসমূহ (যে অবস্থায় আছে) উল্লিখিত প্রক্রিয়া অনুসরণপূর্বক অনলাইন নিলামের মাধ্যমে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আগ্রহী ব্যক্তি। প্রতিষ্ঠানকে যথাযথভাবে অনলাইনে আবেদন। দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো:

- বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ সাপেক্ষে প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজপত্র সংযুক্তপূর্বক স্ক্যান করে পিডিএফ ফরমেটে আগামী ২৩ ফেব্রুয়ারি, ২০২৬খ্রি. তারিখের মধ্যে জেলা পরিষদের ইমেইলে: (zplalmonirhat@lgd.gov.bd) অথবা হোয়াটসএপে (০১৩১৭৪৭৭৮৪৮) প্রেরণ করতে হবে।
- আবেদন ফরমের সাথে গাছের প্রাক্কলন মূল্য ১০০% (ফেরতযোগ্য) ব্যাংকের নিম্ন ছকের এ্যাকাউন্ট নম্বরে জমা প্রদানের রশিদ, আবেদনকারীর ছবি, জাতীয় পরিচয়পত্র নম্বর ও কপি এবং একটি সচল মোবাইল নং আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

| ব্যাংকের নাম | শাখার নাম | রাউটিং নম্বর | এ্যাকাউন্ট নম্বর | এ্যাকাউন্ট টাইটেল |
|---|---|---|---|---|
| Rupali Bank Ltd. | Lalmonirhat Corporate Branch | 185520463 | 4432024000009 | Zilla Parishad Lalmonirhat |

গাছ ও গাছের প্রাক্কলনের বিবরণ:

| ক্র. নং | গাছের বিবরণ | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১ | লালমনিরহাট সদর উপজেলাধীন রংপুর হতে কুড়িগ্রামগামী রাস্তা হতে সিন্দুরমতীগামী রাস্তার পার্শ্বে সাকোরপাড় নামক স্থানে ডালপালাবিহীন অবস্থায় হেলে পড়া ১টি রেইনট্রি। | ১৬,৭৯০/- |
| ২ | পাটগ্রাম উপজেলাধীন Rehabilitation (Widening) Of Patgram GC-VerVerirhat Via Munshirhat Form Ch. 2020m-3700m [Road ID: 152703016] রাস্তার উন্নয়ন কাজে বাঁধা সৃষ্টিকারী ১টি জিগা, ১টি ইউক্যালিপটাস, ২টি শিল কড়াই, ১টি মেহগনি, ১টি কাঁঠাল গাছ, ১টি সুকাতি ও ১টি পাকুর মোট ৮টি গাছ। | ৫১,৯৯৩/- |
| ৩ | পাটগ্রাম উপজেলায় জেলা পরিষদ ডাকবাংলো হতে আন্তঃজেলা মোড় গামী রাস্তায় জনাব মোঃ রাজিব প্রধান এর প্রধান গেট ও বাউন্ডারী ওয়াল সংলগ্ন অবস্থিত ১টি জীবিত কাঁঠাল গাছ এবং ১টি জীবিত মেহগনি গাছ মোট ০২টি গাছ। | ৫,৯০৮/- |
| ৪ | পাটগ্রাম উপজেলায় বাউরা ইউনিয়নে নবীনগর মৌজায় বাউরা বিওপি হতে ছেংছেংগাপনি গামী রাস্তায় বিওপি ক্যাম্পের উত্তর পাশে হেলে পড়া ১টি জীবিত শিশু গাছ। | ২,৪১৯/- |

- গাছের প্রাক্কলন মূল্য ১০০% (ফেরতযোগ্য) জমা প্রদানের রশিদ ব্যতীত কোন আবেদন বা প্রস্তাবিত দর বিবেচনা করা হবে না।
- অনলাইন নিলাম প্রক্রিয়া শেষে গাছের প্রাক্কলন মূল্য ১০০% (ফেরতযোগ্য) সর্বনিম্ন দর দাতার দর ব্যতিরেখে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে আবেদনকারীকে আবশ্যিকভাবে ফেরত প্রদান করা হবে।
- প্রতিটি গাছের লটের প্রস্তাবিত দর পৃথক পৃথক আবেদন ফরমে সুস্পষ্টভাবে অংক ও কথায় আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে উল্লেখ করতে হবে।
- প্রাক্কলন অপেক্ষা প্রস্তাবিত দর বেশি হলেই কেবল দাখিলকৃত দর গ্রহণযোগ্য হবে এবং গ্রহণযোগ্য বিবেচিত সর্বোচ্চ প্রস্তাবিত দর চূড়ান্তভাবে অনুমোদন করা হবে।
- চূড়ান্তভাবে অনুমোদনপ্রাপ্ত সর্বোচ্চ গ্রহণযোগ্য দরদাতাকে আবশ্যিকভাবে পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে উল্লিখিত ব্যাংক এ্যাকাউন্টে প্রস্তাবিত দর এবং এর উপর প্রযোজ্য ১৫% ভ্যাট ও ১০% আয়কর সহ সমুদয় অর্থ আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে বা ট্রান্সফার করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তাবিত দর এবং ভ্যাট ও আয়কর বাবদ সমুদয় অর্থ জেলা পরিষদ, লালমনিরহাটের উল্লিখিত ব্যাংক এ্যাকাউন্টে জমা প্রদানে ব্যর্থ হলে প্রস্তাবিত দর গ্রহণযোগ্য হবে না এবং দাখিলকৃত প্রস্তাব বাতিল করা হবে। এক্ষেত্রে জমাকৃত

CamScanner

১০০% জামানত জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং জামানত ফেরত প্রদান করা হবে না। অধিকন্তু, প্রস্তাবকারী আগামী ০১ (এক) বছর জেলা পরিষদ, লালমনিরহাট কর্তৃক পরিচালিত কোন নিলাম কার্যক্রমে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন না। উল্লেখ্য, ইতোপূর্বে যে সকল দরদাতা এই কার্যালয় কর্তৃক ০১ (এক) বছরের জন্য নিষিদ্ধ হয়েছেন তাদের এই অনলাইন নিলামে অংশগ্রহণ করা থেকে বিরত থাকতে অনুরোধ করা হলো।

- যথাসময়ে প্রস্তাবিত দর এবং ভ্যাট ও আয়করের সমুদয় অর্থ জেলা পরিষদের ব্যাংক এ্যাকাউন্টে জমা হওয়া সাপেক্ষে গাছ ও গাছের খন্ড অপসারণের কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশে উল্লিখিত সময়সীমার মধ্যে আবশ্যিকভাবে গাছ ও গাছের খন্ড অপসারণ করতে হবে, অন্যথায় কার্যাদেশ বাতিল মর্মে গণ্য হবে।
- অনলাইনে প্রস্তাব দাখিলের পূর্বে আগ্রহী ব্যক্তি প্রতিষ্ঠানকে সরেজমিনে গাছ ও গাছের খন্ড পরিদর্শন করে অনলাইনে যথাযথভাবে সম্ভাব্য সর্বোচ্চ দর দাখিল করার পরামর্শ প্রদান করা হলো।
- অনলাইন আবেদন ব্যতীত সরাসরি বা ডাকযোগে কোন আবেদন বা প্রস্তাবিত দর গ্রহণ করা হবে না।

২। জেলা পরিষদ, লালমনিরহাট কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন প্রস্তাব গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এই বিষয়ে জেলা পরিষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসাবে গণ্য হবে।

২৫/০২/২০২৬

(আমিনুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট।
মোবাইল: ০১৩১৭৪৭৭৮৪৮
ই-মেইল: zplalmonirhat@lgd.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
4। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর ও পাটগ্রাম, লালমনিরহাট।
7। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্র, লালমনিরহাট।
৮। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, লালমনিরহাট।
৯।..................................................।
১০। অফিস কপি।

২৫/০২/২০২৬

(আমিনুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট।

CamScanner

জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট
www.zplalmonirhat.gov.bd

পাসপোর্ট আকারের ছবি ০১ কপি

## গাছের অনলাইন নিলামের আবেদন ফরম

**ক) যা ক্রয়ের জন্য দর প্রস্তাব দাখিল করা হচ্ছে তার নাম: ( ✓ দিন)**

- ☐ লালমনিরহাট সদর উপজেলাধীন রংপুর হতে কুড়িগ্রামগামী রাস্তা হতে সিন্দুরমতীগামী রাস্তার পার্শ্বে সাকোরপাড় নামক স্থানে ডালপালাবিহীন অবস্থায় হেলে পড়া ১টি রেইনট্রি।
- ☐ পাটগ্রাম উপজেলাধীন Rehabilitation (Widening) Of Patgram GC-VerVerirhat Via Munshirhat Form Ch. 2020m-3700m [Road ID: 152703016] রাস্তার উন্নয়ন কাজে বাঁধা সৃষ্টিকারী ১টি জিগা, ১টি ইউক্যালিপটাস, ২টি শিল কড়াই, ১টি মেহগনি, ১টি কাঁঠাল গাছ, ১টি সুকাতি ও ১টি পাকুর মোট ৮টি গাছ।
- ☐ পাটগ্রাম উপজেলায় জেলা পরিষদ ডাকবাংলো হতে আন্তঃজেলা মোড় গামী রাস্তায় জনাব মোঃ রাজিব প্রধান এর প্রধান গেট ও বাউন্ডারী ওয়াল সংলগ্ন অবস্থিত ১টি জীবিত কাঁঠাল গাছ এবং ১টি জীবিত মেহগনি গাছ মোট ০২টি গাছ।
- ☐ পাটগ্রাম উপজেলায় বাউরা ইউনিয়নে নবীনগর মৌজায় বাউরা বিওপি হতে ছেংছেংগাপনি গামী রাস্তায় বিওপি ক্যাম্পের উত্তর পাশে হেলে পড়া ১টি জীবিত শিশু গাছ।

**খ) দরদাতার তথ্য:**

নাম:.......................................................................................

পিতার নাম:.......................................................................................

জাতীয় পরিচয়পত্র নম্বর (কপি সংযুক্ত করতে হবে):..........................................................

স্থায়ী ঠিকানা:.......................................................................................

সচল মোবাইল নং:.......................................................................................

**গ) প্রস্তাবিত দর (ভ্যাট ও আয়কর ব্যতীত):**

অংকে:.......................................................................................

কথায়:.......................................................................................

**ঘ) গাছের প্রাক্কলন ১০০% জমার তথ্য:**

- **জমা প্রদানের প্রক্রিয়া: ( ✓ দিন)**
  - ☐ উল্লিখিত ব্যাংক এ্যাকাউন্টে সরাসরি জমা প্রদান
  - ☐ অনলাইন ব্যাংক টু ব্যাংক ট্রান্সফার
- **সরাসরি জমা প্রদানের ক্ষেত্রে (জমা স্লিপ সংযুক্ত করতে হবে):**

  জমা প্রদানের তারিখ:.......................................................................

  জমা প্রদানকারীর নাম:.......................................................................
- **অনলাইন ব্যাংক টু ব্যাংক ট্রান্সফারের ক্ষেত্রে (অনলাইন ব্যাংক ট্রান্সফার রশিদ সংযুক্ত করতে হবে):**

  জমা প্রদানের তারিখ:.......................................................................

  যে ব্যাংক হতে ট্রান্সফার করা হয়েছে তার নাম:..................................................

  ট্রাঞ্জেকশন আইডি: .......................................................................

**ঙ) ঘোষণা: আমি ঘোষণা করছি যে, প্রদত্ত সকল তথ্য সঠিক এবং কোন ভুল তথ্য প্রদান করা হয়নি। যদি কোন ভুল তথ্য প্রদান করা হয়, তবে আমার বিরুদ্ধে যে কোন আইনগত পদক্ষেপ গ্রহণ করা হলে তা নির্দ্বিধায় মেনে নিতে আমি বাধ্য থাকবো।**

২৫/০২/২০২৬

দরদাতার স্বাক্ষর ও তারিখ:

CamScanner